Bangladesh

উপজেলা পরিষদ কার্যালয়
লামা, বান্দরবান পার্বত্য জেলা

মুজিব শতবর্ষ

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# লামা উপজেলা পরিষদের মার্চ/২০২২ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মোস্তফা জামাল<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>লামা, বান্দরবান পার্বত্য জেলা। |
| তারিখ | : | ২১ মার্চ ২০২২ (সোমবার) |
| সময় | : | সকাল- ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ। |
| উপস্থিতি | : | উপস্থিতি রেজিস্টারে লিপিবদ্ধ |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। উপজেলার সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। অত:পর সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১। | বিভাগীয় কর্মকর্তাগণের উপস্থিতি প্রসঙ্গে :<br>উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর অনুযায়ী উপজেলা পরিষদে ১৭টি দপ্তরকে উপজেলা পরিষদে ন্যস্ত করা হয়। অধিকন্তু দেখা যায়, মাসিক সভার দিন অনেক কর্মকর্তা অনুপস্থিত থাকেন এবং প্রতিনিধি প্রেরণ করেন। এক্ষেত্রে সভায় সেই বিভাগের কার্যক্রম সম্পর্কে সিদ্ধান্ত নিতে অসুবিধা হয়। প্রত্যেক সভায় বিভাগীয় প্রধানগণ উপস্থিত থাকার জন সভাপতি সকল সদস্যকে অনুরোধ করেন। | ক) বিভাগীয় কর্মকর্তাদের সরকারি বিভিন্ন দিবস ও উপজেলা পরিষদের সভা সমূহে উপস্থিত থাকতে হবে।<br>খ) অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত বিভাগীয় কর্মকর্তাগণ উপজেলা পরিষদের সভায় উপস্থিত থাকতে হবে | ১। উপজেলা পরিষদ সদস্য (সকল)<br>২। বিভাগীয় কর্মকর্তা (সকল)<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২। | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে জারীকৃত নতুন পরিপত্র/সার্কুলার/ চিঠি-পত্রের বিষয়ে আলোচনা :<br>ক) সকল বিভাগীয়/দপ্তর প্রধানদের সরকার কর্তৃক জারীকৃত নতুন পরিপত্র/সার্কুলার/ চিঠি-পত্রের বিষয়ে উপজেলা পরিষদের সাধারণ সভায় আলোচনা করার আহবান জানান।<br>গ) নতুন পরিপত্র/সাকুলার থাকলেও বিভাগীয় প্রধানগণ সভায় আলোচনা করেন না। এ বিষয়ে সভাপতি সভায় অসন্তোষ প্রকাশ করেন। | ক) মন্ত্রণালয় / বিভাগ / অধিদপ্তর হতে জারীকৃত পরিপত্র/সাকুলার/চিঠিপত্রের বিষয়ে আলোচনা থাকলে তা পরিষদের সভা অনুষ্ঠিত হওয়ার ০১ সপ্তাহ পূর্বে উপজেলা পরিষদে প্রেরণ করতে হবে এবং উক্ত প্রত্রের বিষয়াদি উপজেলা চেয়ারম্যান মহোদয়ের দপ্তরে প্রেরণ করতে হবে।<br>খ) পরিষদের নিকট হস্তান্তরিত বিষয়ে সকল কাগজপত্র ও নথি, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের নিকট অনুমোদনের জন্য পেশ করতে হবে। | বিভাগীয় প্রধান (সকল) |
| ৩। | মাননীয় উপদেষ্টা মহোদয়ের সুপারিশ /পরামর্শ বাস্তবায়ন বিষয়ে আলোচনা :<br>মার্চ/২০২২ইং মাসে মাননীয় উপদেষ্টা মহোদয়ের কোন সুপারিশ/পরামর্শ থাকলে তা আলোচনা করার আহবান জানান। | মাননীয় উপদেষ্টা মহোদয়ের সুপারিশ/পরামর্শ মোতাবেক ব্রীজ, কালভার্ট, সেতু ও অন্যান্য উন্নয়নমূলক কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |

মার্চ/২০২২ মাসে কার্যপত্র পাওয়া গেছে

| | |
|---|---|
| ১। উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়<br>২। উপজেলা কৃষি বিভাগ<br>৩। উপজেলা সমাজসেবা বিভাগ<br>৪। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ<br>৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি<br>৬। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীর অফিস<br>৭। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়<br>৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি<br>৯। পল্লী সঞ্চয় ব্যাংক | অনুপস্থিত :<br>১। উপজেলা মৎস্য কর্মকর্তা<br>২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>৩। সহকারী তথ্য অফিসার, লামা |

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৪। | বিভিন্ন উপজেলা কমিটির সুপারিশ বাস্তবায়ন বিষয়ে আলোচনা :<br>উপজেলা পরিষদকে অধিকতর কার্যকর করার নিমিত্ত উপজেলা পরিষদের ১৭টি উপজেলা কমিটির সভা করার সিদ্ধান্ত রয়েছে। সভাপতি ও সদস্য সচিব দুজনের যৌথ সমন্বয়ে স্থায়ী কমিটির সভা আহবান পূর্বক সম্পন্ন করে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে কার্যবিবরণীসহ প্রেরণ করার অনুরোধ করেন।<br><br>সভাপতি বলেন, স্থায়ী কমিটির সভা আহবানের ব্যাপারে স্থায়ী কমিটির সভাপতি সভার দিন, তারিখ, ভেন্যু ও সময় নির্ধারণ করে সংশ্লিষ্ট সকলকে পত্র দিবেন। | ক) স্থায়ী কমিটির সভা আহবান পূর্বক স্থায়ী কমিটির গৃহীত যেসব সিদ্ধান্ত উপজেলা পরিষদের মতামতের প্রয়োজন সেসব বিষয় উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যপত্রে উপস্থাপন করতে হবে।<br><br>খ) সভাপতির সিদ্ধান্ত মোতাবেক স্থায়ী কমিটির সভা করে কার্যবিবরণীর কপি উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরন এবং উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থাপন করতে হবে | ১। সভাপতি উপজেলা পরিষদ সম্পর্কিত স্থায়ী কমিটি<br>২। সদস্য সচিব উপজেলা পরিষদ সম্পর্কিত স্থায়ী কমিটি |
| ৫। | পল্লী সঞ্চয় ব্যাংক এর কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে আলোচনা :<br>ব্যবস্থাপক জানান, পল্লী সঞ্চয় ব্যাংক এর মাঠ পর্যায়ে কাজ চলমান রয়েছে।<br>মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্নপ্রসুত একটি বাড়ি একটি খামার (৩য় সংশোধিত) প্রকল্পের লামা উপজেলায় সমিতি গঠন এবং সঞ্চয় আদায় লক্ষমাত্রা অনুযায়ী শতভাগ অর্জন হয়েছে। চলতি মাসে<br>মোট সমিতি ২৩৯টি, উপকারভোগী- ১১৩৮৯<br>চলতি মাসে সঞ্চয় আদায়- ৫.১০ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত ৫৭৪.৮৬ লক্ষ<br>চলতি মাসে ঋণ আদায়- ৮৪.৭৮ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত- ১৯২৪.৬৯<br>চলতি মাসে ঋণ বিতরন- ৯৯.৬৫ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত ৩৬০৬.৩২<br>মোট তহবিলের পরিমাণ- ১৭৮২.৭১ লক্ষ টাকা<br>আমার বাড়ি আমার খামার প্রকল্পের লামা উপজেলায় কার্যক্রম সন্তোষজনক। | ক) প্রতিটি সূচকে লক্ষমাত্রা অর্জনে অগ্রগতি বাড়াতে হতে হবে এবং উপজেলা পরিষদে অগ্রগতি প্রতিবেদন জমা দিতে হবে<br><br>খ) ইউনিয়ন ভিত্তিক সমিতি সমূহের একটি হালনাগাদ তালিকা উপজেলা পরিষদে জমা দিবেন<br><br>গ) ঋণ বিতরণে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের মতামত/পরামর্শ গ্রহণ করতে হবে<br><br>ঘ) একটি বাড়ি একটি খামার প্রকল্পের সার্বিক কার্যক্রম সম্পর্কে উপজেলা পরিষদকে অবহিত করতে হবে। | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| ৬। | নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ :<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে।<br>ক) তিনি আরো জানান, খাদ্য গুদামের নিন্মোক্ত খাদ্যশস্য মজুদ আছে।<br>১) চাল-২৫৩.৭০৮ মে: টন<br>২) গম ২৬.৮৬৫ মে: টন।<br><br>বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত টিসিবি পন্য খাদ্য গুদামে মজুদ ও সরবরাহ দেয়ার ব্যাপারে উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে আরো যত্নবান হবে হবে। | ক) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিভাগের জনসেবার বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>খ) চাল বোরো/ধান সংগ্রহ অত্র উপজেলায় অব্যাহত রাখতে হবে।<br>গ) খাদ্য গুদামে মজুদের বিবরণী উপজেলা পরিষদে প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>ঘ) খাদ্য গুদাম থেকে চাল ছাড় করার প্রাক্কালে বস্তার সঠিক পরিমাণ ঠিক রাখতে হবে<br>ঙ) টিসিবি পন্য খাদ্য গুদামে মজুদ ও সরবরাহ দেয়ার ব্যাপারে খাদ্য নিয়ন্ত্রককে আরো যত্নবান হতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৭ | ন্যস্ত বিভাগ সমূহের আলোচনা : | | |
| ৭.১ | উপজেলা এলজিইডি (LGED) বিভাগ :<br>ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান, ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) বরাদ্দকৃত অর্থ পেয়ে যথাসময়ে সীমিত দরপত্র পদ্ধতি এলটিএম এর মাধ্যমে দরপত্র আহবান করে লটারীতে নির্ধারিত ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং দ্রুততম সময়ের মধ্যে সকল প্যাকেজের কাজ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারদের নির্দেশ দেওয়া হয়েছে। | ক) ২০২১-২০২২ অর্থবছরের এডিপি'র ৫৭টি প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে।<br>খ) টেন্ডারের মাধ্যমে ১৪টি প্যাকেজ এর কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে। | ক) উপজেলা প্রকৌশলী<br>খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |
| | খ) এছাড়াও প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর মাধ্যমে বাস্তবায়নের জন্য গৃহীত প্রকল্প সমূহের ১ম কিস্তির অগ্রিম ছাড় করা হয়েছে এবং ইতিমধ্যে কয়েকটি ইউনিয়নের কাজ সম্পন্ন করে চূড়ান্ত কিস্তি পাওয়ার জন্য পে-ভাউচার পাওয়া গিয়েছে। | খ) প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর মাধ্যমে প্রকল্প সমূহের কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে | ক) উপজেলা প্রকৌশলী |
| | গ) চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি-৪)-এর আওতায় ২০২১-২২ ইং অর্থ বৎসরের ৭(সাত)টি স্কুলের অনুমোদন পাওয়া গিয়েছে, তন্মধ্যে ১(এক)টি স্কুলের কার্যাদেশ দেওয়া হয়েছে ৪(চার)টি স্কুলের দরপত্র অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। | চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি-৪)-এর আওতায় ২০২১-২২ ইং অর্থ বৎসরের অনুমোদন প্রাপ্ত স্কুলের কাজ দ্রুত সম্পন্ন করে কর্তৃপক্ষকে বুঝিয়ে দিতে হবে। | ক) উপজেলা প্রকৌশলী |
| ৭.২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস :<br>নবাগত উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা উপস্থিত সকলকে স্বাগত জানান এবং সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরো জানান, তাহার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। তিনি আরো জানান,<br>১। অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন প্রকল্পের ৪টি ঘরের কাজ চলমান।<br>২। মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসাবে ভূমিহীনদের জন্য গৃহ "ক" শ্রেনীর ১০ টি ঘরের বরাদ্দ পাওয়া গেছে কার্যক্রম চলমান।<br>৩। শীত বস্ত্র কম্বল বরাদ্দ (৩৭৬০+৩৩০০)= ৭০৬০ টি ০৭ টি ইউনিয়ন ও পৌরসভার মধ্যে বিতরণ চলছে।<br>৪। টিআর/কাবিখা ১ম পর্যায়ের কাজের অগ্রগতি সন্তোষজনক। | ক) অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের "বীর নিবাস" ঘরের কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে।<br>খ) "ক" শ্রেনীর ১০টি ঘরের কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে।<br>গ) টিআর/কাবিখার কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| ৭.৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ :<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান, তাহার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। তিনি আরো জানান, লামা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৫০ শয্যায় উন্নীত হওয়ায় স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক ২১ জন ডাক্তার লামা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পদায়ন করেছেন। ইতিমধ্যে তারা যোগদানও করেছেন।<br>খ) তিনি আরো জানান, লামা উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে ডাক্তারদের থাকার জন্য পর্যাপ্ত ডরমেটরী/আবাসন ব্যবস্থা নেই। এ ব্যাপারে তিনি সভাকে অভিহিত করেন।<br>গ) প্রান্তিক জনগোষ্ঠীর স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে একজন ডাক্তারকে লামা উপজেলার ০৭টি ইউনিয়নে অবস্থিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সপ্তাহের যে-কোন ০৩দিন স্বাস্থ্যসেবা প্রদান করতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>মার্চ/২০২২ মাসের প্রতিবেদন পাওয়া যায়নি। | ক) ডাক্তারদের সেবা প্রদানের বিষয়ে আন্তরিক হতে হবে।<br>খ) ইউনিয়ন পর্যায়ে কমিউনিটি ক্লিনিকের সেবার মান বাড়াতে হবে।<br>গ) প্রান্তিক জনগোষ্ঠীর স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে একজন ডাক্তারকে লামা উপজেলার ০৭টি ইউনিয়নে অবস্থিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সপ্তাহের যে-কোন ০৩দিন স্বাস্থ্যসেবা প্রদান করতে হবে<br>ঘ) উপজেলা ও তদনিম্ন পর্যায়ে 'অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ' এর সরবরাহসহ অন্যান্য স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবাদান কার্যক্রমের বাৎসরিক পরিকল্পনা<br>ঙ) (অবস্থা বিশ্লেষণ, লক্ষ্যমাত্রা নির্ধারণ, কৌশল নির্ধারণ ও পদ্ধতি চিহ্নিতকরণ) প্রণয়নের সার্বিক দিক নির্দেশনা প্রদান ও তত্ত্বাবধান করবেন।<br>চ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, কমিউনিটি ক্লিনিক পর্যায়ে অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজসহ অন্যান্য সেবাদান কার্যক্রমের পর্যালোচনা, পর্যানুসরণ, পরিবীক্ষণ ও মূল্যায়ন করবেন।<br>উপজেলা ও তদনিম্ন পর্যায়ে স্বাস্থ্য (হাসপাতাল/ক্লিনিক সেবাসহ) সেবার যথাযথ মানের নিশ্চয়তা বিধানে (Quality Assuarance) গৃহীতব্য কার্যক্রমের সার্বিক তত্ত্বাবধান করবেন | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) জুনিয়র কনসালটেন্ট<br>৩। মেডিকেল অফিসার (সকল) |

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৭.৪ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। মার্চ/২০২২ মাসের প্রতিবেদন :<br>ক) মোট সক্ষম দম্পতি : ১৯৫৪৭<br>খ) মোট গ্রহণকারী : ১৫৬৭৩<br>গ) সিএআর : ৭৯.৭৪%<br>ঘ) মোট গর্ভবতী : ৮৯০<br>ঙ) এনএসভি : ১৩৩৪<br>চ) পিএনসি : ১৪৯<br>ছ) ডেলিভারী : ২৫<br>জ) খাবার বড়ি (নতুন) : ৯৫<br>ঝ) কনডম (নতুন) : ১১৭৬<br>ঞ) ইনজেকশন (নতুন) : ৭৮<br>ট) আইইউডি (নতুন) : ১৩৩৪<br>ঠ) ইমপ্লান্ট : ১২১৯<br>ড) সাধারণ রোগীর সেবা : ২৭৬৮<br>এমআইএস অধিদপ্তারাধীন মাঠ পর্যায়ের জনসংখ্যা ও দম্পতি নিবন্ধন তথ্য সংগ্রহ ও সেবা প্রদানের তথ্যাদি সংরক্ষণ, প্রতিবেদন প্রেরণ, প্রণয়ন কার্যক্রম ডিজিটিলাইজ করার লক্ষ্যে পঃ পঃ অধিদপ্তর এর অধীনে ডিজিটাইলাইজেশন কার্যক্রম চলছে। | ক) পরিবার পরিকল্পনা কার্যক্রমের ব্যবস্থাপনা, তত্ত্বাবধান এবং বাস্তবায়ন নিশ্চিত করবেন<br>খ) মা ও শিশু স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টিসেবা কার্যক্রম সম্পর্কে মাঠ পর্যায়ে প্রচার প্রচারনা বাড়াতে হবে।<br>গ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ও স্যাটেলাইট ক্লিনিক সমূহের মাঠ পর্যায়ের কার্যক্রম তদারকি করবেন।<br>ঘ) রুপসীপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নিয়মিত চালু রাখতে হবে ও সেবা কার্যক্রম বাড়াতে হবে।<br>ঙ) প্রতিমাসে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১ উপজেলা পঃ পঃ কর্মকর্তা<br>২ মেডিকেল অফিসার এমসিএইচ-এফপি |
| ৭.৫ | **উপজেলা সমাজসেবা বিভাগ :**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি জানান, তাহার বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান,<br>ক) বর্ধিত ভাতাভোগী নির্বাচন এবং যথাযথ কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>খ) আরএসএস কার্যক্রম চলমান।<br>গ) প্রকল্প সমন্বয় পরিষদ (ইউসিডি) এর আওতায় যুব শক্তির আত্মকর্মসংস্থান সৃষ্টিতে কম্পিউটার প্রশিক্ষণ কোর্স চলমান রয়েছে।<br>ঘ) স্বেচ্ছাসেবী সংস্থার মাঝে আর্থিক অনুদানের চেক বিতরণ করা হয়েছে। | ক) উপজেলা সমাজসেবা বিভাগের তদারকির বিষয়টি নিশ্চিত করতে হবে<br>খ) পল্লী সমাজসেবা কার্যক্রমের অন্তর্ভুক্ত প্রকল্প গ্রামীণ জনগোষ্ঠীকে অর্থ সামাজিক উন্নয়নে সংগঠিত ও উদ্বুদ্ধ করবেন<br>গ) প্রকল্পভূক্ত গ্রামের লক্ষিত জনগোষ্ঠীকে আয়বর্ধক কর্মসূচিতে অন্তর্ভূক্তকরণ এবং দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের মাধ্যমে আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা করিবেন।<br>ঘ) আত্মকর্মসংস্থান সৃষ্টি লক্ষ্যে ঋণ বিতরনের পূর্বে উপজেলা পরিষদকে অবহিত করতে হবে<br>ঙ) শহর সমাজসেবা কার্যক্রমের আওতায় প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১ উপজেলা সমাজসেবা অফিসার<br>২ উপজেলা সমাজসেবা সংগঠক<br>৩ ইউনিয়ন সমাজকর্মী সকল |
| ৭.৬ | **উপজেলা কৃষি বিভাগ :**<br>ক) উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানেন, চলতি রবি মৌসুমে ৩০৫০জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে কৃষি প্রণোদনা নীতিমালা অনুসরণ পূর্বক উফশি ও হাইব্রিড ধান বীজ, ১২০জন কৃষককে ভূট্টা বীজ ও সার এবং ৪০ জন কৃষককে সরিষা ও সার সুষ্ঠু বিতরণ সম্পন্ন করা হয়। প্রণোদনা ফসলের সার্বিক অবস্থা ভাল।<br>খ) উফশি বীজ ১০৫০ জন কৃষককে। প্রতি কৃষক ৫ কেজি, ডিএপি সার-১০ কেজি ও এমওপি সার- ১০ কেজি।<br>গ) হাইব্রীড বীজ ২০০০জন কৃষককে। প্রতি কৃষককে ২ কেজি হারে এলাকায় চাষাবাদ উপযোগী হাইব্রীড বীজ বিতরণ করা হয়। | ক) কৃষকেরা উৎপাদিত কৃষিপণ্যের যাতে ন্যায্য মূল্য পায় সে ব্যাপারে মাঠ পর্যায়ে তদারকি বাড়াতে হবে।<br>খ) ইউনিয়ন পর্যায়ে ব্লক সুপারভাইজারগণ যথাযথ ও সঠিক সময়ে দায়িত্ব পালন করবেন<br>গ) উপজেলা সার, বীজ মনিটরিং কমিটির সভা আহবান পূর্বক সার বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং তার পূর্বে উপজেলা পরিষদকে অবহিত করতে হবে।<br>ঘ) প্রান্তিক কৃষকের সারের অভাব যাতে না হয় সে ব্যাপারে লক্ষ্য রাখতে হবে। | ১ উপজেলা কৃষি কর্মকর্তা ও<br>২ উপ-সহকারী কৃষি কর্মকর্তা |

| নং | সারের নাম | চলতি মাসের বরাদ্দ | চলিত মাসের বরাদ্দ হতে মজুদ | অদ্য পর্যন্ত মজুদ |
|---|---|---|---|---|
| ১ | ইউরিয়া | ৮৭ | ৮৭ | ২৯.১ |
| ২ | টিএসপি | ৪০ | ২০ | ৮৯.২৫ |
| ৩ | এমওপি | ১৮ | ১২ | ১১.৩৫ |
| ৪ | ডিএপি | ৭৬ | ৩৮ | ৮০.৭৫ |

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | ক) লামা উপজেলায় চলমান বোরো ও শীতকালীন সবজি উৎপাদনে সারের কোন ঘাটতি নেই। | | |
| | খ) সার্বিক কৃষি কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে চলমান আছে। | | |
| | গ) বোরো ফসল পরিস্থিতি। ঘ) শীতকালীন সবজি আবাদের পরিমাণ- ৬০৭ হেক্টর। | | |

| ক্রঃ নং | বোরো | অর্জিত জমির পরিমাণ (হেঃ) | স্তর | | |
|---|---|---|---|---|---|
| | | | কুশি | কাইচ থোর (হেঃ) | থোর (হেঃ) |
| ০১ | উফশী হাইব্রীড | ১১৫৬.০০<br>১৫৪৫.০০<br>২৭০১.০০ | ৫০%<br>১৩৫১ হেঃ | ৪৫%<br>১২১৫ হেঃ | ৫%<br>১৩৫ হেক্টর |

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৭.৭ | বন বিভাগ (সদর রেঞ্জ কর্মকর্তা) :<br>সদর রেঞ্জ কর্মকর্তা সভায় জানান, তাহার বিভাগের কাজ স্বাভাবিক চলছে।<br><br>প্রত্যন্ত এলাকায় পালক হাতি দিয়ে গাছ টানানোর অভিযোগ উঠেছে। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন, যে সমস্ত এলাকায়/ইউনিয়নে পালক হাতি রয়েছে তার একটি তালিকা প্রস্তুত করে রাখতে হবে এবং এই তালিকাটি উপজেলা পরিষদে প্রেরণ করতে হবে | ক) বিভাগীয় কার্যক্রম সম্পর্কে নিয়মিত উপজেলা পরিষদকে অবহিত করতে হবে।<br>খ) অবৈধ করাত কল বন্ধে প্রশাসনের সহযোগিতায় টাস্কফোর্স গঠন করে অভিযান পরিচালনা করতে হবে এবং অবৈধ করাতকলের হালনাগাদ একটি তালিকা উপজেলা পরিষদে প্রেরণ করতে হবে।<br>গ) যে সমস্ত এলাকায়/ইউনিয়নে পালক হাতি রয়েছে তার একটি তালিকা প্রস্তুত করে উপজেলা পরিষদে প্রেরণ করতে হবে। | রেঞ্জ কর্মকর্তা |
| ৭.৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, তাহার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। | ক) স্কুল পর্যায়ে নিয়মিত মনিটরিং অব্যাহত রাখতে হবে।<br>খ) শিক্ষা মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (মাউশি) কর্তৃক নির্দেশিত সার্কুলার/পরিপত্র অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান খোলা রাখতে হবে। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২। প্রধান শিক্ষক (সকল) |
| ৭.৯ | উপজেলা শিক্ষা অফিস :<br>উপজেলা শিক্ষা অফিসার জানান, তাহার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। তিনি জানান,<br>ক) কিছু অপরিচিত ভুয়া মোবাইল নাম্বার থেকে উপবৃত্তির কথা বলে ছাত্রছাত্রীদের অভিভাবকের মোবাইল ফোনে বার্তা পাঠায়। এ বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাকে অভিহিত করেন।<br>খ) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত কোভিড-১৯ নিয়ন্ত্রণে স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক বিদ্যালয় চালু রাখার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>গ) বিদ্যালয়ে বিভিন্ন উন্নয়নমূলক কাজ যথারীতি চলছে।<br>ঘ) অভিভাবকদের উদ্বুদ্ধকরণ সহ মা সমাবেশ, অভিভাবক সমাবেশ ও এসএমসি'র সভার সভা নিয়মিত করা হচ্ছে।<br>ঙ) লামা উপজেলায় শিক্ষক বদলী, বদলী সমন্বয়, মিউচুয়াল বদলী এবং অন্যান্য কার্যক্রম গ্রহণ করতে উপজেলা পরিষদের অনুমোদন গ্রহণ করতে হবে। বান্দরবান পার্বত্য জেলা পরিষদ কর্তৃক জেলা প্রাথমিক শিক্ষা অফিসের মাধ্যমে বছরের মধ্যম ভাগে শিক্ষক বদলী করলে প্রাথমিক বিদ্যালয় গুলো পাঠদানে জটিলতা সৃষ্টি হয়। | ক) বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের লেখাপড়ার মান অব্যাহত রাখতে হবে।<br>খ) মানসম্মত শিক্ষা, মাল্টিমিডিয়া ক্লাস রুম ও শ্রেণীকক্ষে নিয়মিত পাঠদান এর বিষয়ে ব্যবস্থা নিতে হবে।<br>গ) যে সমস্ত বিদ্যালয়ে বিষয়ভিত্তিক শ্রেণী শিক্ষক নেই সেসব বিদ্যালয়ে শিক্ষক পদায়নের ব্যবস্থা নিতে হবে।<br>ঘ) বিদ্যালয় সমূহে যথাসময়ে পাঠদানের লক্ষ্যে শিক্ষকগণের উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>ঙ) বছরের প্রথমার্ধে লামা উপজেলায় শিক্ষক বদলী, বদলী সমন্বয়, মিউচুয়াল বদলী এবং অন্যান্য কার্যক্রম গ্রহণ করতে উপজেলা পরিষদের অনুমোদন গ্রহণ করতে হবে। উপজেলা শিক্ষা কমিটির সভা আহবান পূর্বক শিক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয় সমস্যার সমাধান করতে হবে। | ১। উপজেলা শিক্ষা অফিসার<br>২। সহঃ উপজেলা শিক্ষা অফিসার<br>৩। প্রধান শিক্ষক (সকল) |
| ৭.১০ | উপজেলা মৎস্য বিভাগ :<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিতের কারনে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | ক) উপজেলা মৎস্য বিভাগের সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>খ) আগামী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করতে হবে।<br>গ) নতুন কার্যক্রম গ্রহণের পূর্বে উপজেলা পরিষদে অবহিত করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা |

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৭.১১ | উপজেলা প্রাণি সম্পদ দপ্তর :<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, তাহার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। তিনি জানান, গবাদি পশু, হাঁস মুরগীর চিকিৎসা, কৃত্রিম প্রজনন, টিকা প্রদানসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | ক) উপজেলা প্রাণি সম্পদ দপ্তরের সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে<br>খ) ইউনিয়ন পর্যায়ে প্রাণি সম্পদ কর্মকর্তাদের সেবা প্রদান কার্যক্রম বাড়াতে হবে | ১. উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ৭.১২ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :<br>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান, তাহার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ২০২১-২০২২ অর্থ বছরের নলকূপ ১৬০টি টিউবওয়েল অনুমোদন পাওয়া গেছে। | ক) উপজেলা জনস্বাস্থ্য বিভাগের কাজ স্বাভাবিক নিশ্চিত করতে হবে।<br>খ) বিভাগীয় কার্যক্রম সম্পর্কে উপজেলা পরিষদকে নিয়মিত অবহিত করতে হবে<br>গ) ফাল্গুন মাসে পানির উৎস সমূহ সচল রাখতে পুরাতন ও অকেজো নলকূপ ও রিংওয়েলগুলি মেরামতরে ব্যবস্থা নিতে হবে | জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ৭.১৩ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর :<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অনুপস্থিতের কারণে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | ক) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের সেবার মান আরো বাড়াতে হবে<br>খ) দরিদ্র মা'র মাতৃত্বকাল ভাতা প্রদান কার্যক্রমের আওতায় নতুন ভাতাভোগী নির্বাচনের পরে উপজেলা পরিষদকে অবহিত করতে হবে<br>গ) বেসরকারী এনজিও প্রতিনিধিদের পত্র প্রেরণ করার মাধ্যমে সমিতির সদস্যদের টাকা ফেরত প্রদানের ব্যাপারে জোরদার ভূমিকা রাখতে হবে। | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ৭.১৪ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ :<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, যুব উন্নয়ন বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে। মার্চ/২০২২ মাসে<br>ক) পরিবার ভিত্তিক মোট ঋণ তহবিল- ৮৪,৯৫,৪৬৫<br>খ) ক্রমপুঞ্জিত বিতরণ- ৫,০৬,৪৪,০০০<br>গ) ক্রমপুঞ্জিত আদায়- ৪,৯৭,০০,৩৮০<br>ঘ) ক্রমপুঞ্জিত সদস্য সংখ্যা- ৬০৫৭ জন<br>ঙ) আদায়ের হার-৯৯.৬৯%<br>চ) খেলাপী টাকার পরিমাণ- ১,৫১,৯২০<br>ছ) খেলাপী সদস্যা সংখ্যা- ৬৬জন<br>জ) চলতি মাসে আদায়- ১,৩১,৪৪০<br>ঝ) ফেব্রু/২২ মাসে আদায়- ১,১৭,৭৪০<br>আত্নকর্ম ঋণ:<br>ক) ঋণ তহবিল-২৫,৩৫,২০০<br>খ) ক্রমপুঞ্জিত বিতরণ-২,৪২,৯০,০০০<br>গ) ক্রমপুঞ্জিত আদায়- ২,০৯,৭৮,৫৪৯<br>ঘ) ক্রমপুঞ্জিত সদস্য সংখ্যা- ১০৪১ জন<br>ঙ) আদায়ের হার- ৯৭%<br>চ) চলতি মাসে আদায়- ১,০৮,৪০০<br>ছ) চলতি আদায় হার- ১০০%<br>জ) খেলাপী সদস্য সংখ্যা ৭৪ জন।<br>ঝ) খেলাপী টাকার পরিমাণ- ৬,২৬,৫৭১<br>প্রশিক্ষণ কার্যক্রম (রাজস্ব) :<br>চলতি অর্থবছরে প্রশিক্ষণ প্রদান ১০ ব্যাচে ৩০০ জনকে প্রশিক্ষণ করা হয়েছে।<br>ক্রম- পুরুষ-২১০৩ ও মহিলা-২৬২৬ জন সহ সর্বমোট= ৪৭২৯ জন।<br>জোড়দারকরণ প্রকল্প :<br>ক) চলতি অর্থবছরে বাজেট বরাদ্দ পাওয়া সাপেক্ষে প্রশিক্ষণ প্রদান করা হবে।<br>খ) ক্রমপুঞ্জিত প্রশিক্ষণার্থীর সংখ্যা পুরুষ ৫৬৩জন ও মহিলা ১০৯৭ জন সহ সর্বমোট ১৬৬০জন। | ক) যুব উন্নয়ন বিভাগের চলমান সেবা নিশ্চিত করতে হবে<br>খ) মাঠ পর্যায়ে ঋণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে ঋণ কার্যক্রমের মাসিক উপজেলা পরিষদে প্রেরণ করতে হবে<br>গ) যুব উন্নয়ন এর প্রশিক্ষণ কার্যক্রম ও ঋণ বিতরনের পূর্বে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের সাথে আলোচনাক্রমে কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>ঘ) সেলাই, কম্পিউটার এবং অন্যান্য প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা বৃদ্ধি করতে হবে<br>ঙ) খেলাপী ঋণ আদায়ে মাঠ পর্যায়ে কার্যক্রম তদারকি করতে হবে।<br>চ) প্রশিক্ষণ প্রদান কার্যক্রম কিংবা ঋণ বিতরনের পূর্বে উপজেলা পরিষদ এবং মুখ্য নির্বাহী কর্মকর্তাকে অবহিত করতে হবে<br>ছ) ইউনিয়ন ভিত্তিক যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম আরো গতিশীল করতে হবে। | ১. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>২. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সকল |



C:\Users\Hasan\Desktop\Monthly Meeting 21 March_2022.doc

<table>
<tr><th>ক্র:নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>৭.১৫</td><td>উপজেলা সমবায় বিভাগ :<br>ক) উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, তাহার বিভাগের কাজ স্বাভাবিক চলছে। ২০২১-২০২২ইং সনের বার্ষিক অডিট ও পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। সরকারি রাজস্ব শতভাগ আদায় করে সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে।</td><td>ক) সমবায় বিভাগের জনসেবার বিষয়টি নিশ্চিত করতে হবে এবং সমবায় সমিতি সমূহের যাবতীয় হালনাগাদ তথ্যাদি সংরক্ষণ করতে হবে।<br>খ) লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আদায় করে সরকারি কোষাগারে জমা দিতে হবে।</td><td>১। উপজেলা সমবায় কর্মকর্তা</td></tr>
<tr><td>৭.১৬</td><td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি নিম্নে মার্চ/২০২২ মাসের প্রতিবেদন উপস্থাপন করেন।<br><table><tr><th>নং</th><th>বিবরণ</th><th>চলতি</th><th>ক্রমপুঞ্জিত</th></tr><tr><td>১</td><td>সমিতি গঠন</td><td>নাই</td><td>১৪২টি</td></tr><tr><td>২</td><td>সদস্য ভর্তি</td><td>নাই</td><td>২৫৩৮ জন</td></tr><tr><td>৩</td><td>শেয়ার আদায়</td><td>০.০২ লক্ষ</td><td>৫.০৭ লক্ষ</td></tr><tr><td>৪</td><td>সঞ্চয় আদায়</td><td>০.৩০ লক্ষ</td><td>১৭.২০ লক্ষ</td></tr><tr><td>৫</td><td>ঋণ বিতরণ</td><td>৭.০০ লক্ষ</td><td>৩১৬.০০ লক্ষ</td></tr><tr><td>৬</td><td>ঋণ আদায়</td><td>১.১৭ লক্ষ</td><td>২৫৭.৭৫ লক্ষ</td></tr></table>ঙ) আদায়ের হার ৮৩%।</td><td>ক) খেলাপী ঋণ আদায়ের জোর প্রচেষ্টা অব্যাহতসহ ঋণ বিনিয়োগ বৃদ্ধিকরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) স্থানীয় জনপ্রতিনিধিদের মতামত/পরামর্শ/সহযোগিতা নিয়ে প্রকল্প কার্যক্রম সম্প্রসারনের উদ্যোগ করতে হবে।<br>গ) ঋণ খেলাপীদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>ঘ) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের সেবা আরো বৃদ্ধি করতে হবে।</td><td>১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা</td></tr>
<tr><td colspan="4">বিবিধ আলোচনা :</td></tr>
<tr><td>৭.১৭</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার কার্যালয় :<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান,<br>১। পরিবেশ সংরক্ষণ ব্যয়, সম্পদ এবং বর্জ্য ব্যবস্থাপনা (EPER & WMS) ২০২১ শীর্ষক জরিপ Survey on Environmental Protection Expenditure, Resources & Waste Management (EPER & WMS) 2021. সার্ভের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।<br>২। শ্রমশক্তি জরিপ Labour Force Survey (LFS) এবং শিশু শ্রম জরিপ ২০২১ Child Labour Survey (CLS) সার্ভের কাজ সুষ্ঠুভাবে চলমান রয়েছে।<br>৩। কৃষিমজুরি, CPI (দরছক), Minor Crops, Major Crops ও দাগ গুচ্ছসহ যাবতীয় বিভাগীয় কার্যক্রম সুষ্ঠূভাবে চলমান রয়েছে।<br>৪। দারিদ্র্য পরিস্থিতি পরিমাপে Rapid জরিপ (RSPA-2021) অর্থা Rapid Survey : Poverty Assessment -2021 এর তথ্য সংগ্রহের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।<br>৫। MSVSB (Monitoring the Situation of Vital Statistics of Bangladesh) প্রকল্পের মাধ্যমে তিনটি (০৩)টি পিএসইউ হতে প্রতিমাসে জন্ম ও মৃত্যু তফসিল, প্রতি তিন মাস অন্তর অন্তর বিবাহ ও তালাক/ পৃথক বসবাস তফসিল, প্রতি ছয় মাস অন্তর অন্তর বহির্গমন ও আগমন এর তথ্যসংগ্রহের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।<br>৬। Household Income & Expenditure Survey (HIES) ২০২০-২০২১ প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td><td>ক) উপজেলা পরিসংখ্যান বিভাগের সেবা প্রদানে আরো আন্তরিক হতে হবে।<br>খ) সকল কার্যক্রম শেষ করে উপজেলা পরিষদে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে<br>গ) পরিসংখ্যান বিভাগের সকল প্রকল্পের কার্যক্রমের একটি হালনাগাদ তালিকা উপজেলা পরিষদের প্রেরণ করতে হবে।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা</td></tr>
<tr><td>৭.১৮</td><td>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, লামা (UGDP) :<br>লামা উপজেলা উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প ও অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়ন হচ্ছে।<br>২০২১-২০২২ অর্থ বছরে ০৭টি উপ-প্রকল্পের অনুমোদন পাওয়া গেছে।</td><td>অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প ও সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প সমূহ মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর</td></tr>
<tr><td></td><td></td><td></td><td></td></tr>
</table>

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৭.১৯ | ট্রাফিক বিভাগ :<br>ক) লামা-চকরিয়া সড়কে ফিটনেস বিহীন অনেক গাড়ী আছে। গাড়িগুলো পাহাড়ী রাস্তায় চলাচল করতে করতে প্রায় সময় বড় ধরনের দুর্ঘটনায় পতিত হন। উক্ত গাড়ীতে ধারন ক্ষমতার বেশী যাত্রী নিয়ে এ সড়কে যাতায়াত করেন। ফিটনেস বিহীন এসব গাড়ীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।<br><br>খ) লামা বাজারের গুরুত্বপূর্ণ মোড়ে এবং দোকানের সামেন অটোরিক্সা, টমটম, মাহিন্দ্রা, সিএনজি ও মালবাহী ট্রাক অহেতুক দাঁড়িয়ে থাকে। এতে সাধারন পথচারী, স্কুল পড়ুয়া ছাত্রছাত্রী এবং মুমূর্ষ রোগীদের হাসপাতালে নেয়া খুবই কষ্টকর হয়ে পড়ে এবং দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। এ ব্যাপারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার জন্য ট্রাফিক বিভাগ, লামাকে অনুরোধ করা হয়। | ক) লামা-চকরিয়া সড়কে পাহাড়ী রাস্তায় দুর্ঘটনা এড়াতে ফিটনেস বিহীন গাড়ি চিহ্নিত করতে হবে। এ ব্যাপারে নিয়মিত ভ্রাম্যমান আদালত পরিচালনা করতে হবে<br><br>খ) যানজট এড়াতে লামা বাজারের গুরুত্বপূর্ণ মোড়ে ও দোকানের সামনে অহেতুক কোন গাড়ি দাড়িয়ে না থাকার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক। নির্বাহী ম্যাজিস্ট্রেট<br><br>খ। ট্রাফিক ইন্সপেক্টর |
| ৭.২০ | **লামা চৌকি এর স্বতন্ত্র আদালত ভবন নির্মাণ :**<br>লামা আইনজীবী সমিতির পক্ষে সাধারন সম্পাদক লামা চৌকি এর স্বতন্ত্র আদালত নির্মাণের ব্যাপারে আবেদন করেন। উক্ত আবেদন উপজেলা পরিষদের সভায় পর্যালোচনা করা হয়। লামা উপজেলায় মামলার কার্যক্রম পরিচালনার জন্য লামা বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর স্বতন্ত্র আদালতের জন্য জায়গা চেয়ে উক্ত আবেদনে উল্লেখ করেন। | উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মামলার কার্যক্রম পরিচালনার জন্য লামা বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর স্বতন্ত্র আদালতের ব্যাপারে [illegible] উপজেলা পরিষদের জায়গা হতে কি পরিমাণ জায়গা প্রয়োজন রয়েছে তার একটি প্রতিবেদন সহকারী কমিশনার (ভূমি), লামাকে দেয়ার অনুরোধ করা হয়। | সহকারী কমিশনার (ভূমি) |
| ৭.২০ | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এর খরচ প্রসঙ্গে :<br>ফেব্রুয়ারি ও মার্চ /২০২২ ০২ (দুই) মাসের খরচ উপস্থাপন করা হলো: | উপস্থাপিত খরচ সমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে স্থিতি থাকা সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী ব্যয় করতে হবে। | [illegible] উপজেলা পরিষদ লামা |

| | |
|---|---|
| ১। চেয়ারম্যান (৪৫,০০০ X ২ মাস) | ৯০,০০০/ |
| ২। ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানী ---<br>(চেয়ারম্যান- এবং ভাইস চেয়ারম্যানদ্বয় ২৭০০০ X ২ জন) | ১,০৮,০০০/- |
| ২। আপ্যায়ন খরচ | ২০,০০০/- |
| ৩। পরিচ্ছন্নতা কর্মীর সম্মানী ৮০০০ X ২--- | ১৬,০০০/- |
| ৪। আনুষাঙ্গিক ব্যয় ৫০০০ X ২ --- | ১০,০০০/- |
| ৫। পত্রিকা, টেলিফোন ও ইন্টারনেট---- | ৪,০০০/- |
| ৭। বিভিন্ন দিবসে ফুল ক্রয়----- | ৭,২০০/- |
| ৮। এডিপি পত্রিকার বিল (অর্থ বছর: ২০২১-২০২২) ------ | ১,৯৪,৮০৮/- |
| সর্বমোট = | ৪,৫০,০০৮/- |

সভাপতি উল্লিখিত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য বিভাগীয় প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। লামা উপজেলার উন্নয়নমূলক কর্মকান্ডের ধারা অব্যাহত রাখার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। কোন কর্মকর্তা ছুটিতে গেলে উপজেলা পরিষদকে অবহিত করতে হবে। উপজেলা পরিষদের মাসিক সভা সমূহ লামা উপজেলার পৌরসভায় ও ০৭টি ইউনিয়ন করায় জন্য সভাপতি মহোদয় উপস্থিত সকলকে অবহিত করেন।

পরিশেষে, আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভা সমাপ্তি ঘোষনা করেন।

১৩/৩/2022

(মোঃ মোস্তফা জামাল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
লামা, বান্দরবান পার্বত্য জেলা।
E-mail: upazilalama@gmail.com

স্মারক নম্বর: ০৫.৪২.০৩৫১.২০৫.০০৬.০০১০.২০২২-১৩

তারিখ : ২৮ চৈত্র ১৪২৮
১৩ মার্চ ২০২২

অনুলিপি, সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৩। জেলাপ্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, বান্দরবান পার্বত্য জেলা।
০৫। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লামা, বান্দরবান পার্বত্য জেলা।
০৭। মেয়র, লামা পৌরসভা, বান্দরবান পার্বত্য জেলা।
০৮। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লামা।
০৯। চেয়ারম্যান.............................. ইউনিয়ন পরিষদ (সকল) লামা, বান্দরবান পার্বত্য জেলা।
১০-৩৫। জনাব..........................................................................................................

১৩/০৩/2022

(মোঃ মোস্তফা জাবেদ কায়সার)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
লামা উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
লামা, বান্দরবান পার্বত্য জেলা।